



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৫৭

বিশ্ব বসতি দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

রাজশাহী; ১৩ আশ্বিন (২৮ সেপ্টেম্বর):

রাজশাহীতে বিশ্ব বসতি দিবস, ২০২২ উদযাপনে প্রস্তুতিমূলক সভা আজ সকালে বিভাগীয় কমিশনার অফিসের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি এতে সভাপতিত্ব করেন। আগামী ৩ অক্টোবর বিশ্ব বসতি দিবস উদযাপিত হবে।

প্রস্তুতি সভার সিদ্ধান্ত অনুসারে এদিন সকাল সাড়ে ৮টায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অফিস হতে এক বর্ণাঢ্য র্যালি বের হবে। র্যালি শেষে সকাল ৯টায় বসতি দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে আরডিএ মিলনায়তনে। এছাড়া দিবসটিকে সামনে রেখে অফিস সজ্জাকরণ এবং জনসচেতনতা সৃষ্টিমূলক প্রচার-প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এ প্রস্তুতি সভায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, রাজশাহী সিটি কর্পোরেশন, গণপূর্ত বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী পিআইডি ও জেলা তথ্য অফিসের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, ১৯৮৬ সাল থেকে প্রতিবছর অক্টোবর মাসের ১ম সোমবার বিশ্বজুড়ে এ দিবসটি উদযাপিত হচ্ছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে, “বৈষম্য হ্রাসের অঙ্গীকার করি, সবার জন্য টেকসই নগর গড়ি।”

.....
তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২২/১৪.০০ঘ.